যখন গরমের প্রচণ্ডতা বৃদ্ধি পায়, তখন গরম কমলে সালাত আদায় করবে। কেননা, গরমের প্রচণ্ডতা জাহান্নামের নিঃশ্বাসের অংশ।

আব্দুল্লাহ ইবন উমার, আবূ হুরায়রাহ ও আবূ যার রাদিয়াল্লাহু আনহুম হতে বর্ণিত:
আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন গরমের প্রচণ্ডতা
বৃদ্ধি পায়, তখন গরম কমলে সালাত আদায় করবে। কেননা, গরমের প্রচণ্ডতা জাহান্নামের নিঃশ্বাসের অংশ”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাহান্নামের তাপ থেকে উৎপন্ন শক্ত গরমের সময় যোহরের সালাতকে ঠাণ্ডা পর্যন্ত দেরী করে পড়ার নির্দেশ দিয়েছেন, যাতে গরম ও পেরেশানী মনোযোগ নষ্ট না করে।

http://sunnah.global/hadeeth/bn/show/3106